

বিজ্ঞপ্তি

অত্র বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২০২০-২১ শিক্ষাবর্ষের স্নাতক পর্যায়ে ১ম বর্ষ ১ম টার্মে বি.এস-সি. ইঞ্জিনিয়ারিং, বিইউআরপি ও বিআর্ক কোর্সের ভর্তি পরীক্ষা চুয়েট ও নুয়েট এর সাথে সমন্বিতভাবে আগামী ১৩/১১/২০২১ইং তারিখ রোজ শনিবার সকাল ১০-০০ ঘটিকা হতে দুপুর ১-৪৫ ঘটিকা পর্যন্ত অত্র বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অনুষ্ঠিত হবে।

উক্ত ভর্তি পরীক্ষায় প্রত্যবেক্ষক (Invigilator) হিসেবে দায়িত্ব পালনের জন্য অত্র বিশ্ববিদ্যালয়ের সম্মানিত শিক্ষক ও কর্মকর্তাগণকে অন্তর্ভুক্ত করা হয়েছে। এ প্রেক্ষিতে সকল সম্মানিত শিক্ষক ও কর্মকর্তাগণকে আগামী ১৩/১১/২০২১ইং তারিখ রোজ শনিবার সকাল ৮-৩০ ঘটিকার মধ্যে প্রশাসনিক ভবনে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো। উক্ত সময়ে প্রত্যবেক্ষকগণ তাঁদের ডিউটিস্থল (ভবন ও রুম নং), পরীক্ষা সংক্রান্ত নির্দেশনা এবং প্রয়োজনীয় কাগজপত্র ঐ সময়ে বুঝে নিবেন।

একই সাথে অত্র বিশ্ববিদ্যালয়ের অন্যান্য কর্মকর্তা এবং কর্মচারীগণকে ভর্তি পরীক্ষার বিভিন্ন দায়িত্ব পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর থেকে পূর্বেই জেনে নেওয়ার জন্য অনুরোধ করা হলো।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে এ বিজ্ঞপ্তি জারী করা হলো।

*Arbabian*

০২/১১/২০২১

(প্রকৌশলী মোঃ আনিছুর রহমান ভূঞা)

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

স্মারক নং-খুপ্রবি/ ০০১৪/৫০ তারিখ: ০২/১১/২১

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সভাপতি, Local Admission Committee (LAC), ভর্তি পরীক্ষা (২০২০-২০২১), অত্র বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস।
- ২। সকল ডীন, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৩। সকল ইনস্টিটিউট পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৪। সকল বিভাগীয় প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৫। সকল পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৬। সকল হল প্রভোস্ট, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৭। সকল দপ্তর/শাখা প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৮। পিএস টু ভাইস-চ্যান্সেলর, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৯। সংরক্ষণ নথি।

তীর বিভাগে/দপ্তরে/শাখায় সংশ্লিষ্ট সকলকে বিষয়টি  
অবগত করানোর জন্য অনুরোধ করা হলো।

*Maniruzzaman*

(মোঃ মনিরুজ্জামান)

সহকারী রেজিস্ট্রার